# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

## ই-নিউজ লেটার

**জানুয়ারি - জুন ২০২১**

### সম্পাদকীয়

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম পূর্বশর্ত হলো যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয় এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০২১ বাস্তবায়নের মধ্য দিয়ে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণ, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের অভীষ্ট অর্জন, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ এবং ২১০০ সালের মধ্যে 'নিরাপদ জলবায়ু পরিবর্তন অভিঘাতসহিষ্ণু সমৃদ্ধশালী বদ্বীপ' গড়ে তোলার ভিশন বাস্তবায়নে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সমন্বিত পরিবহন ব্যবস্থা ও যোগাযোগ অবকাঠামো উন্নয়নে বিভিন্ন মেগা প্রকল্প বাস্তবায়ন করে চলেছে।

মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্ব ও সঠিক দিকনির্দেশনায় করোনাজনিত স্থবিরতা কাটিয়ে চলমান মেগা প্রকল্প বাস্তবায়ন করছে। 'গর্বের সেতু' পদ্মা বহুমুখী সেতু নির্মাণের কাজ এগিয়ে চলেছে। চট্টগ্রামের কর্ণফুলি নদীর তলদেশ দিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণ কাজও দ্রুত গতিতে এগিয়ে চলেছে। এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ফিরেছে গতি।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আরও কিছু মেগা প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প ও বিআরটি প্রকল্প। ঢাকা শহরে সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা হচ্ছে। এছাড়া প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্পের মধ্যে রয়েছে ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ। সবার প্রত্যাশা, পরিবহন ও যোগাযোগ অবকাঠামো খাতে সূচিত এ সাফল্য অব্যাহত থাকবে এবং দেশের উন্নয়ন ও জনগণের জীবনমানের অগ্রগতিতে তা যথাযথ অবদান রাখতে সমর্থ হবে।

### সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক-এর যোগদান



চিত্র : সেতু বিভাগের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক

জনাব মোঃ আবু বকর ছিদ্দীক ৩১ মে ২০২১ তারিখে সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক পদে যোগদান করেন। ইতোপূর্বে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের নবম ব্যাচের একজন মেধাবী ও দক্ষ কর্মকর্তা। সুদীর্ঘ কর্মময় জীবনে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি উইং, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়েও তিনি কাজ করেছেন। তিনি আইন ও জনপ্রশাসন বিষয়ে প্রকাশিত আটটি গ্রন্থের লেখক।

### জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন



চিত্র : নবযোগদানকৃত সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক এর জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

জনাব মোঃ আবু বকর ছিদ্দীক ৩১ মে ২০২১ তারিখে সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক হিসেবে যোগদান করেন। যোগদানের পর তিনি প্রথম কর্মদিবসে ধানমন্ডি ৩২ নম্বর-এ অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর মতবিনিময় সভা অনুষ্ঠিত



চিত্র : মাননীয় মন্ত্রী মহোদয় সদ্য যোগদারকৃত সেতু বিভাগের সচিবকে ফুলের তোড়া দিয়ে বরণ করেন

০৬ জুন ২০২১ তারিখ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি. সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবু বকর ছিদ্দীক-কে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন এবং সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। উক্ত মতবিনিময় সভায় মাননীয় মন্ত্রী মহোদয় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা করেন এবং বিভিন্ন বিষয়ে দিক্-নির্দেশনা প্রদান করেন।

## ২০২২ সালের জুনের মধ্যে উন্মুক্ত হবে পদ্মা সেতু

পদ্মা সেতু বাঙালির প্রত্যয় ও সক্ষমতার প্রতীক। গর্বের সেতু ২০২২ সালের জুনের আগেই যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা হবে বলে আশা করা যাচ্ছে। সর্বশেষ সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুসারে, আগামী বছরের জুনের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তের জন্য ধার্য করা হয়েছে।



চিত্র : সেতু বিভাগের সচিব মহোদয় পদ্মা সেতুর নদী শাসন এলাকা পরিদর্শন

মূল সেতুর (শুধু নদীর অংশ) দৈর্ঘ্য ৬ দশমিক ১৫ কিলোমিটার। মূল সেতু থেকে মাটি পর্যন্ত সংযোগ ঘটাতে তৈরি হয়েছে উড়ালপথ (ভায়াডাক্ট)। দুই প্রান্তে ভায়াডাক্ট ৩ দশমিক ৬৮ কিলোমিটার। সব মিলিয়ে সেতুর দৈর্ঘ্য প্রায় ১০ কিলোমিটার। পদ্মা সেতুতে দুই ধরণের আলোকসজ্জার ব্যবস্থা থাকবে। একটি হলো যানবাহনের চলার পথ আলোকিত করতে স্ট্রিট লাইটিং; অন্যটি হলো উৎসব কিংবা জাতীয় কোনো দিবসে পুরো সেতু নানা রঙে আলোকসজ্জা করার স্থায়ী ব্যবস্থা। স্ট্রিট লাইটিংয়ের জন্য সেতুর দুই প্রান্তে বিদ্যুতের দু'টি সাবস্টেশন বসানো হচ্ছে। ৩০ জুন ২০২১ সাল পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮৭ শতাংশ।

## বি.আর.টি প্রকল্পের অগ্রগতি পরিদর্শন




চিত্র : প্রকল্প পরিদর্শনের পর সংবাদ সম্মেলনে মেয়র মহোদয় ও সেতু বিভাগের সচিব মহোদয়

১৯ জুন ২০২১ তারিখ সেতু বিভাগের সচিব জনাব মো: আবু বকর ছিদ্দীক বিআরটি প্রকল্পের অধীন টংগী এলাকায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ৪.৫ কিলোমিটার অংশের ক্ষতিগ্রস্ত সড়কের নির্মাণ কাজ পরিদর্শন করেন। এ সময় গাজীপুর সিটি কর্পোরেশন-এর মেয়র জনাব জাহাঙ্গীর আলম, উপ পুলিশ কমিশনার (দক্ষিণ), জিএমপি, প্রজেক্ট ডিরেক্টর, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বর্ষা মৌসুমে বি.আর.টি প্রকল্পের কাজ চলমান থাকায় টংগী এলাকায় ক্ষতিগ্রস্ত সড়কটি যানবাহন চলাচল উপযোগী করার জন্য সচিব মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এ সড়কটিতে জনদুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে যান চলাচল স্বাভাবিক করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনা রয়েছে মর্মেও তিনি উপস্থিত সাংবাদিকগণকে জানান।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর



চিত্র : এপিএ চুক্তি স্বাক্ষর

২৯ জুন ২০২১ তারিখ সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সেতু বিভাগের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সেতু বিভাগের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পক্ষে জনাব মোঃ রেজাউল হায়দার, পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

## বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ১১০তম বোর্ড সভা অনুষ্ঠিত



চিত্র : অনলাইনে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ১১০তম বোর্ড সভা

২৪ জুন ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ বোর্ড-এর চেয়ারম্যান জনাব ওবায়দুল কাদের, এমপি, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর সভাপতিত্বে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ১১০তম বোর্ড সভা ভার্চুয়ালি Zoom Cloud Meeting App-এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় সংশিষ্ট সম্মানিত বোর্ড সদস্যগণ Zoom Cloud Meeting App এর মাধ্যমে বোর্ড সভায় যুক্ত হন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবু বকর ছিদ্দীক বোর্ড সভায় সদস্য-সচিব এর দায়িত্ব পালন করেন।

## হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এ ঢাকা সাবওয়ে প্রকল্পের খসড়া সমীক্ষা রিপোর্ট-এর ওপর সেমিনার অনুষ্ঠিত




চিত্র : মঞ্চে উপবিষ্ট সম্মানিত অতিথিবর্গ

২৪ মার্চ ২০২১ তারিখ ইন্টারকন্টিনেন্টাল হোটেল-এ Feasibility Study and Preliminary Design for Construction of Dhaka Subway বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি.। সেমিনারে সভাপতিত্ব করেন সেতু বিভাগের সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন। উক্ত সেমিনারে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণ, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র, স্টেকহোল্ডারগণ, সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার প্রতিনিধিবর্গ, সেতু বিভাগের কর্মকর্তাগণ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

## মহামান্য রাষ্ট্রপতির সাথে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ



চিত্র : মহামান্য রাষ্ট্রপতির সাথে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

মিঠামইন সেনানিবাস হয়ে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার মরিচখালী পর্যন্ত উড়াল সড়ক-এর অ্যাল্যাইনমেন্ট নির্ধারণের বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন-এর নেতৃত্বে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের একটি প্রতিনিধিদল ২৭ জানুয়ারি ২০২১ তারিখে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

## কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পের পরামর্শক নিয়োগ



চিত্র : স্বাক্ষরিত চুক্তিপত্র হস্তান্তর

২৭ জুন ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্প "Kachua-Betagi-Patuakhali-Lohalia-Kalayia Road over the river Paira Project's Design Review and Consrtuction supervision Consultancy Services" সংক্রান্ত চুক্তি "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং এসিই গ্রুপ (মিসর) ও জেপিজেড কনসালটেন্ট বাংলাদেশ লিঃ"-এর মধ্যে স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবু বকর ছিদ্দীক, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

## ওয়ান ব্যাংক লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর



চিত্র : বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং ওয়ান ব্যাংক লিঃ-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত

২৮ জানুয়ারি ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গবন্ধু সেতু এলাকায় "এটিএম বুথ স্থাপনের লক্ষ্যে" "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং ওয়ান ব্যাংক লিমিটেড"-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

## অনলাইন ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত

১১ মে ২০২১ তারিখে সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের যৌথ উদ্যোগে "অনলাইন ইনোভেশন শোকেসিং" এর আয়োজন করা হয়। উক্ত "অনলাইন ইনোভেশন শোকেসিং" এর উদ্বোধন করেন জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। সেতু বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব জনাব রশিদুল হাসান এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মোঃ রেজাউল হায়দার উক্ত শোকেসিং এ যুক্ত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে শোকেসিং-এ যুক্ত ছিলেন ড. মোঃ আব্দুল মান্নান পিএএ, অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, a2i। আরও যুক্ত ছিলেন জনাব লুবনা সিদ্দিকী, উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ। ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন শোকেসিং এর সভাপতির দায়িত্ব পালন করেন সেতু বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আলতাফ হোসেন সেখ।

## গণশুনানি ও ক্ষতিগ্রস্তদের চেক প্রদান অনুষ্ঠিত



চিত্র : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ক্ষতিগ্রস্তদেরকে চেক প্রদান

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২৯ মার্চ ২০২১ তারিখে সেতু ভবনের অডিটরিয়ামে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের আওতায় ভুক্তভোগী ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকদের উপস্থিতিতে গণশুনানি অনুষ্ঠিত হয়। গণশুনানি শেষে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ক্ষতিগ্রস্তদেরকে চেক প্রদান করা হয়। উক্ত গণশুনানিকালে সেতু বিভাগের সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেনসহ সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। গণশুনানি পরিচালনা করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আলতাফ হোসেন সেখ।

## বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী সনদ অর্জন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সোনার বাংলা বিনির্মাণে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিয়মিত কর প্রদান করে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০১৯-২০ কর বছরে "স্থানীয় কর্তৃপক্ষ খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী" নির্বাচিত হয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০১৯-২০ করবর্ষে ১০৪,৮৮,৩৫,০০০ (একশত চার কোটি আটাশি লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা আয়কর প্রদান করে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ রুপম আনোয়ার কর অঞ্চল-৮-এর কর কমিশনার জনাব আবু মোঃ কামরুল হাসান-এর নিকট হতে উক্ত ট্যাক্স কার্ড সম্মাননাপত্র গ্রহণ করেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন



চিত্র : সেতু বিভাগের সচিব-এর নিকট হতে প্রতিযোগীতায় বিজয়ীদের পুরস্কার গ্রহণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করে। সেতু বিভাগের সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর

বঙ্গবন্ধু সেতু এলাকার জমির সুষ্ঠু ব্যবহার ও দেশের উন্নয়নের স্বার্থে ২১ জানুয়ারি ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গবন্ধু সেতু এলাকার ২১৪ একর জমি ইজারা প্রদান সংক্রান্ত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (এনডবিউপিজিসিএল)-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।



চিত্র : সমঝোতা স্মারক স্বাক্ষর ও হস্তান্তর

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে আলোচনা সভা আয়োজন



চিত্র : সেতু বিভাগের সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ১০ জানুয়ারি ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে অসমাপ্ত আত্মজীবনী থেকে পাঠ ও আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মুখ্য আলোচক ও প্রধান অতিথি হিসেবে ছিলেন সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন। অসমাপ্ত আত্মজীবনী থেকে কিছু অংশ পাঠ করেন দেওয়ান সাঈদুল হাসান, অতিরিক্ত সচিব ও উপপ্রকল্প পরিচালক (প্রশাসন), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প।

## বঙ্গবন্ধু সেতুর অর্থনৈতিক প্রভাব মূল্যায়ন কার্যক্রম শুরু



চিত্র : স্বাক্ষরিত চুক্তিপত্র হস্তান্তর

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গবন্ধু সেতুর নির্মাণ কাজ সমাপ্তির পর ১৯৯৮ সালের ২৩ জুন যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। এ সেতু নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থা যেমন সহজতর হয়েছে তেমনি উত্তরাঞ্চলে কৃষি পণ্যাদি উৎপাদনের পরিমাণ উলেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং কৃষক তার পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছেন। আর এ লক্ষ্যে বঙ্গবন্ধু সেতুর উদ্বোধনের পর হতে বর্তমান সময় পর্যন্ত আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়নে সেতুটির ভূমিকা নিরূপণের উদ্দেশ্যে ১৩ এপ্রিল ২০২১ তারিখে "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ"-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। তৎপরিপ্রেক্ষিতে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন

২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন বিষয়ক এক আলোচনা সভা সেতু ভবনের অডিটোরিয়াম-এ অনুষ্ঠিত হয়।



চিত্র : সেতু ভবনের অডিটোরিয়াম-এ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১-এর আলোচনা সভা

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি ও মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন। এছাড়া, আলোচনা সভায় সেতু বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক, উক্ত প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন) এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আলতাফ হোসেন সেখ। সভায় সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## মীর আক্তার হোসেন লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর



চিত্র : স্বাক্ষরিত চুক্তিপত্র হস্তান্তর

৩১ মার্চ ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গবন্ধু সেতুতে "Improvement of Trucklane by RCC from round about to Weigh Scale at both sides (East & West) and Overlay work of service road (West Stack Yard to West round about) at West side of Bangabandhu Bridge" সংক্রান্ত চুক্তি "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও মীর আক্তার হোসেন লিমিটেড"-এর মধ্যে স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

## মিঠামইন সেনানিবাস হয়ে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার মরিচখালী পর্যন্ত উড়াল সড়ক বিষয়ক অংশীজন সভা অনুষ্ঠিত

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উদ্যোগে একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয় এবং ১২ ফেব্রুয়ারি ২০২১ তারিখ উড়াল সড়ক নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা ও বিস্তারিত নকশা প্রণয়নের লক্ষ্যে মাটি পরীক্ষার উদ্বোধন করা হয়। মিঠামইন থেকে মরিচখালী পর্যন্ত ১৩ কিলোমিটার উড়াল সেতুর মাটি পরীক্ষার কাজের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কাজ করছে।

## ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর পিপিপি ভিত্তিতে প্রকল্পের ট্রান্সজেকশন এডভাইজার নিয়োগের চুক্তি স্বাক্ষর

ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর পিপিপি ভিত্তিতে সেতু নির্মাণের জন্য Transction Advisor নিয়োগের জন্য Infrastructure Investment Facilitation Company (IIFC)-এর সাথে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের একটি চুক্তি ২৭ মে ২০২১ তারিখ স্বাক্ষরিত হয়।

## এপিএ শিক্ষা সফর অনুষ্ঠিত




চিত্র : এপিএ টিমের শিক্ষা সফরে কর্মকর্তাগণ

সেতু বিভাগ কর্তৃক আয়োজিত এপিএ সংক্রান্ত শিক্ষা সফর ০১-০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বিয়াম ফাউন্ডেশন-এ অনুষ্ঠিত হয়। উক্ত শিক্ষা সফরে সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ১ম-১০ম গ্রেডের ৪০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের ২য় টিউবের কাজ প্রায় সমাপ্তির পথে



চিত্র : নির্মাণাধীন টানেলের ২য় টিউব

কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বহুল প্রত্যাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের প্রথম টিউবের কাজ গত ০২ আগস্ট ২০২০ তারিখ সমাপ্ত হলে ১২ ডিসেম্বর ২০২০ তারিখ দ্বিতীয় টিউবের বোরিং শুরু হয়। দ্বিতীয় টিউবের বোরিং কাজের অগ্রগতি ৭২.০৮%। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৭০%। চীনের সাংহাই শহরের আদলে চট্টগ্রামকে "ওয়ান সিটি, টু টাউন" মডেলে গড়ে তুলতে কর্ণফুলী নদীর তলদেশে এই টানেল নির্মীত হচ্ছে। আগামী ২০২২ সালের ডিসেম্বরে টানেলের নির্মাণ কাজ শেষ হবে এবং যান চলাচলের জন্য উন্মুক্ত করা হবে।

## সাসেক-২ প্রকল্পের আওতায় কড্ডা ব্রিজ নির্মাণ সম্পন্ন

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক সাউথ এশিয়া সাবরিজিওনাল ইকোনোমিক কো-অপারেশন (সাসেক-২) প্রকল্পের আওতায় এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর (১৯০.৪০ কিলোমিটার) বিদ্যমান মহাসড়কটিকে ৪ (চার) লেনে উন্নীতকরণের কাজটি বাস্তবায়ন করা হচ্ছে।

এই প্রকল্পের আওতায় এলেঙ্গা থেকে হাটিকামরুল পর্যন্ত মোট ৩৩.৪ কিলোমিটার (বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অংশ) রাস্তাটিকে ৪ (চার) লেনে উন্নীতকরণ করা হচ্ছে। এলেঙ্গা থেকে বঙ্গবন্ধু সেতুর পূর্ব পর্যন্ত ১৩.৬ কিলোমিটার (প্যাকেজ-৫) এর অংশ এবং বঙ্গবন্ধু সেতুর পশ্চিম প্রান্ত থেকে হাটিকামরুল পর্যন্ত ১৯.৮০ কিলোমিটার (প্যাকেজ-৬) এর অংশ। বিদ্যমান ২(দুই) লেনের রাস্তাটিকে ৪ (চার) লেনে উন্নীতকরণ করা ছাড়াও রাস্তার দুই পার্শ্বের ধীরগতির গাড়ি চলাচলের জন্য পৃথক Slow Moving Vehicular Traffic (SMVT) লেন নির্মাণ করা হচ্ছে। এছাড়াও চলমান প্রকল্পের আওতায় রাস্তাটিতে বেশকিছু কালভার্ট, ব্রীজ, SMVT আন্ডারপাস এবং দুইটি ফ্লাইওভার নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে কড্ডা এলাকার ব্রিজ নির্মাণ সমাপ্ত হয়েছে।



চিত্র : নির্মাণাধীনকালে কড্ডা ফ্লাইওভার

এ কাজগুলো সম্পন্ন হলে সড়কটি দিয়ে নিরবচ্ছিন্নভাবে যানবাহন চলাচল করতে পারবে এবং জনগণ দ্রুততম সময়ে গন্তব্যস্থলে পৌঁছাতে পারবে। এছাড়াও সড়কের দুইপার্শ্বে ধীরগতির যানবাহন চলাচলের জন্য পৃথক SMVT লেন নির্মাণের কারণে সড়ক দুর্ঘটনা অনেকাংশে হ্রাস পাবে।

## দ্রুতগতিতে চলছে বিমানবন্দর হতে বনানী পর্যন্ত এক্সপ্রেসওয়ের কাজ

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের নির্মাণ কাজ অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার কারণে কিছু বিলম্ব হলেও জমি অধিগ্রহণ ও আর্থিক জটিলতা কেটে যাওয়ায় এখন দ্রুত গতিতে এগিয়ে চলছে দেশের প্রথম পিপিপি প্রকল্প, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে। এটি চালু হলে ঢাকা শহরের যানজট অনেকাংশে কমে আসেব। কমবে ভ্রমণ সময় ও যাতায়াত খরচ। যোগাযোগ ব্যবস্থার সহজীকরণ ও আধুনিকায়নের পাশাপাশি এ প্রকল্প দেশের অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।



চিত্র : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের নির্মাণ কাজ চলছে

চার লেনবিশিষ্ট প্রায় ২০ কিলোমিটার দৈর্ঘ্যের ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের দক্ষিণে কাওলা থেকে শুরু হয়ে কুড়িল, জোয়ার সাহারা, বনানী, মহাখালী, তেজগাঁও, মগবাজার, খিলগাঁও, কমলাপুর হয়ে চট্টগ্রাম রোডের কুতুবখালী পর্যন্ত। প্রকল্পে একটি লিংক রয়েছে যা মগবাজার রেল ক্রসিং হতে শুরু হয়ে হোটেল সোনারগাঁও, হাতিরপুল, কাঁটাবন, ঢাকা বিশ্ববিদ্যালয় হয়ে পলাশীর সন্নিকটে যাবে। প্রকল্পটি তিনটি ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। প্রথম ধাপে হযরত শাহজালাল বিমানবন্দর থেকে বনানী পর্যন্ত অংশে কাজ হয়েছে প্রায় ৬৪ শতাংশ। দ্বিতীয় ধাপে বনানী থেকে মগবাজার পর্যন্ত অংশে কাজ শেষ হয়েছে ১৬ শতাংশ। প্রকল্পের সার্বিক অগ্রগতি ২৬ শতাংশ।

## নবনিযুক্ত কর্মকর্তাদের যোগদান

বর্তমানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জনবল কাঠামোতে ৩৮৬টি পদ রয়েছে। সেই পদ পূরণের লক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে সহকারি পরিচালক ও সহকারি প্রকৌশলী পদে ৩২জন কর্মকর্তাগণ নিয়োগপ্রাপ্ত হন এবং ০১ জানুয়ারি ২০২১ তারিখে যোগদান করেন। এছাড়া ১৫ মার্চ ২০২১ তারিখে ১২জন উপসহকারি প্রকৌশলী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে যোগদান করেন।

## কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ


বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ০৮ ফেব্রুয়ারি ২০২১ থেকে ০৮ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত নবনিযুক্ত ৩২জন কর্মকর্তা বিয়াম ফাউন্ডেশন-এ ০২ মাস ব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করেন।




চিত্র : সেতু বিভাগের সচিব মহোদয়-এর সাথে নবযোগদানকৃত

এছাড়াও সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা এবং বিভিন্ন সংস্থার অতিথি বক্তার মাধ্যমে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে বিভিন্ন বিষয়ের ওপর ইন-হাউস প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়।

## শুদ্ধাচার পুরস্কার



জনাব মোঃ রেজাউল হায়দার



জনাব মোঃ সানোয়ার হোসেন

শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুসারে ২০২০-২১ অর্থবছরে ১ম-১০ম গ্রেডভুক্ত ক্যাটাগরীতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব মোঃ রেজাউল হায়দার এবং ১১তম-২০তম গ্রেডভুক্ত ক্যাটাগরীতে হিসাব রক্ষক জনাব মোঃ সানোয়ার হোসেনকে পুরস্কার প্রদান করা হয়।

## উদ্ভাবনী পুরস্কার



জনাব কাজী মোঃ ফেরদাউস



জনাব আলতাফ হোসেন সেখ



জনাব মোঃ সাইফুল ইসলাম



জনাব আবু সায়াদ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বার্ষিক কর্মপরিকল্পনা (২০২০-২১) এর উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য প্রধান প্রকৌশলী জনাব কাজী মোঃ ফেরদাউস, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আলতাফ হোসেন সেখ, সহকারি মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব মোঃ সাইফুল ইসলাম এবং সহকারি প্রকৌশলী জনাব আবু সায়াদ-কে পুরস্কার প্রদান করা হয়।

## এপিএ পুরস্কার



জনাব এ এইচ এম এস আকতার

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের জন্য ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব এ এইচ এম এস আকতার-কে প্রণোদনা প্রদান করা হয়।

## সেতু বিভাগের সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন-এর পিআরএল-এ গমন



চিত্র: সেতু বিভাগের বিদায়ী সচিব জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন

৩১ মে ২০২১ সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন দীর্ঘ ৩৩ বছরেরও বেশি সময় বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করে অবসর-উত্তর ছুটিতে গমন করেন।


## নিউজ লেটার প্রকাশনা কমিটি

প্রধান পৃষ্ঠপোষক : নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
পরামর্শক : পরিচালক (প্রশাসন), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিচালক (অর্থ ও হিসাব) এবং পরিচালক (কারিগরি) / প্রধান প্রকৌশলী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
বিশেষ কৃতজ্ঞতা : উপপ্রকল্প পরিচালক (প্রশাসন), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প।

এডিটরিয়াল কমিটি
আহ্বায়ক -অতিরিক্ত পরিচালক (পিএন্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- উপপরিচালক (অডিট), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য-উপপরিচালক (পিএন্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য-নির্বাহী প্রকৌশলী (নদীশাসন), (চঃদাঃ),বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- সহকারী পরিচালক (আইন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- সহকারী পরিচালক (পিএন্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
সদস্য- সচিব- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা -১২১২
ফোন : +৮৮-০২-৫৫০৪০৩৩৩
ফ্যাক্স : +৮৮-০২-৫৫০৪০৪৪৪
www.bba.gov.bd